

পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং- ১০/২০২২

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৯
২০ জুন, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/পেমেন্ট সার্ভিসেস প্রোভাইডার।

প্রিয় মহোদয়,

বৃহত্তর সিলেট অঞ্চলসহ দেশের বন্যা কবলিত এলাকায় পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।

সম্প্রতি বাংলাদেশের সিলেট ও সুনামগঞ্জ জেলাসহ পার্শ্ববর্তী মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোনা এবং উত্তরাঞ্চলের রংপুর, কুড়িগ্রামসহ বিভিন্ন জায়গায় ভারী বৃষ্টিপাত ও নদ-নদীর পানি বৃদ্ধির ফলে আকস্মিক ভয়াবহ বন্যা দেখা দিয়েছে। এই বন্যা এবং অব্যাহত বৃষ্টিপাতের ফলে প্রতিদিন নতুন নতুন এলাকা প্লাবিত হচ্ছে যা ক্রমশঃ সমগ্র দেশে ছড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। বন্যাকবলিত অঞ্চলের ব্যাংক শাখা, এটিএম বুথ, এজেন্ট ব্যাংকিং আউটলেট, এমএফএস এজেন্ট পয়েন্টগুলো পানিতে নিমজ্জিত থাকায় সাধারণ জনগণের পক্ষে জরুরি আর্থিক লেনদেন করা সম্ভব হচ্ছে না। এ ক্রান্তিকালীন সময়ে জনসাধারণকে নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ও আর্থিক লেনদেনের সুবিধার্থে বন্যা কবলিত স্থানগুলোতে নিরাপত্তা নিশ্চিতকরতঃ বিকল্প পদ্ধতিতে পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য সকল তফসিলি ব্যাংক, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার, পেমেন্ট সার্ভিসেস প্রোভাইডার প্রতিষ্ঠানগুলোকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাবুল হক)

পরিচালক (পিএসডি)

ফোন: ৯৫৩০১৭৪